

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯ কাওরান বাজার,  
ঢাকা-১২১৫।  
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৫.১৮.০৮৯.১৯- ৩৪২

তারিখ: ১ আশ্বিন ১৪২৬  
১৬ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: কারখানার অনুকূলে অনাপত্তি পত্র প্রদান প্রসংগে।

সূত্র: আপনাদের ২২/০৮/২০১৯ ইং তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত আবেদনের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, প্রস্তাবিত নিবন্ধনের জন্য কারখানাটির অনুকূলে প্রতিষ্ঠানের প্যাডে আবেদন, বস্ত্র অধিদপ্তরের নির্ধারিত ফরমে আবেদন দাখিল, কারখানার নামে টি আই এন সনদের (হালনাগাদ) কপি, লিমিটেড কোম্পানী হলে ইনকর্পোরেশন সার্টিফিকেটসহ মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশন/অংশীদারি প্রতিষ্ঠান হলে অংশীদারি চুক্তিপত্র এর সত্যায়িত কপি, কারখানা ভবনের মালিকানা সম্পর্কিত দলিলের/ভাড়া কৃত হলে ভাড়ার চুক্তিনামা, শিল্প উদ্যোগীদের নাম, ঠিকানা, পদবি ও জাতীয়তার বিবরণ কারখানার লেটার হেড প্যাডে, ভবনের উপযুক্ততার সনদ/লোড বিয়ারিং সনদ, ট্রেড লাইসেন্স (ভবনের ঠিকানা উল্লেখসহ), ব্যাংক সলভেন্সী এর কপি, ফায়ার লাইসেন্স ও পরিবেশ অধিদপ্তর কর্তৃক পরিবেশ ছাড়পত্র (উৎপাদন শুরুর পূর্বে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে নিজ উদ্যোগে সংগ্রহ করবেন) বস্ত্র অধিদপ্তরে দাখিল করতে হবে।

আপনার আবেদনের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমানে আমদানি নীতি আদেশ ২০১৫-২০১৮ এর ৮(১৬)(ঈ) অনুচ্ছেদে বলা হয়েছে যে, “নতুন শিল্প কারখানা স্থাপনের উদ্দেশ্যে ক্যাপিটাল মেশিনারী এবং প্রাথমিক যন্ত্রাংশ আমদানির জন্য আমদানি নিবন্ধন সনদ পত্র (আই,আর,সি) ছাড়াই এল,সি খোলা যাইবে। এইরূপ ক্ষেত্রে প্রধান নিয়ন্ত্রকের নিকট হইতে আই,আর,সি অব্যাহতিপত্র গ্রহণের প্রয়োজন হইবে না। অবাধ সেক্টরভুক্ত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে নগদ বৈদেশিক মুদ্রায় ক্যাপিটাল মেশিনারী ও যন্ত্রাংশ আমদানির জন্য পোষকের কোন আনুষ্ঠানিক অনুমোদন পত্রের প্রয়োজন হইবে না”।

বি: দ্র: জারীকৃত পত্রটি বস্ত্র অধিদপ্তরের ওয়েবসাইট [www.dot.gov.bd](http://www.dot.gov.bd) এ পাওয়া যাবে।

Mahf

১৬-৯-২০১৯

মোঃ মাহফুজুর রহমান  
সহকারী পরিচালক (প্রতিকল্প)

মো: আফজাল হোসেন, ব্যবস্থাপনা পরিচালক, তাহিয়া  
সোয়েটার্স লিমিটেড, অফিস+কারখানা:কাঠালী, ভালুকা,  
ময়মনসিংহ।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৫.১৮.০৮৯.১৯-/১

তারিখ: ১ আশ্বিন ১৪২৬  
১৬ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) জনাব মো: সাইফুল ইসলাম, লাইব্রেরীয়ান, বস্ত্র অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

Mahf

১৬-৯-২০১৯

মোঃ মাহফুজুর রহমান